



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

নৌপরিবহন মন্ত্রণালয়

নৌপরিবহন অধিদপ্তর

কোঅর্ডিনেটর শাখা

১৪১-১৪৩, মতিঝিল বাণিজ্যিক এলাকা, ঢাকা-১০০০

www.dos.gov.bd



স্মারক নম্বর: ১৮.১৭.০০০০.০২৫.১০.০০২.২৩.৪৪৬

তারিখ: ২৯ কার্তিক ১৪৩০

১৪ নভেম্বর ২০২৩

বিষয়: অনুমোদিত বেসরকারি মেরিটাইম প্রশিক্ষণ প্রতিষ্ঠানসমূহের প্রতিনিধিদের সমন্বয়ে গত ৮ আগস্ট ২০২৩ তারিখের অনুষ্ঠিত সভার সিদ্ধান্ত বাস্তবায়ন প্রসংগে।

সূত্র: নৌপরিবহন অধিদপ্তরের সভার কার্যবিবরণীর স্মারক নম্বর: ১৮.১৭.০০০০.০২৫.১০.০০৬.২৩.৩৫১, তারিখ: ০৪ সেপ্টেম্বর ২০২৩

উপর্যুক্ত বিষয়ে সূত্রোক্ত পত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, অনুমোদিত বেসরকারি মেরিটাইম প্রশিক্ষণ প্রতিষ্ঠানসমূহের প্রতিনিধিদের সমন্বয়ে গত ৮ আগস্ট ২০২৩ তারিখে নৌপরিবহন অধিদপ্তরে অনুষ্ঠিত সভায় নিম্নোক্ত সিদ্ধান্ত গৃহীত হয় (সভার কার্যবিবরণী সংযুক্ত)। উক্ত সিদ্ধান্ত অনুযায়ী প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করার জন্য নির্দেশ প্রদান করা হলো।

(ক) বেসরকারি একাডেমি/ইন্সটিটিউট এর সাথে সংশ্লিষ্ট ম্যানিং এজেন্ট এর চাহিদা অনুসারে শিপিং মাস্টারের নিকট আবেদন করে নবীন নাবিক (রেটিং) কে কোম্পানী রোস্টারভুক্ত করতে পারবেন। কোন একাডেমি/ইন্সটিটিউট যদি তাদের নবীন নাবিক (রেটিং)কে নিজস্ব ম্যানিং এজেন্টের রোস্টারভুক্ত করতে না চান, তবে সে সকল নাবিকগণ সাধারণ রোস্টারভুক্ত হবেন।

(খ) বেসরকারি একাডেমি/ইন্সটিটিউট এর সাধারণ রোস্টারভুক্ত নবীন নাবিক (রেটিং) যে কোন ম্যানিং এজেন্ট এর মাধ্যমে নিজ উদ্যোগে বিদেশী পতাকাবাহী জাহাজে নির্বাচন তথা যোগদান করতে পারবেন। বেসরকারি একাডেমি/ইন্সটিটিউট এর সাধারণ ও কোম্পানী রোস্টারভুক্ত সকল নবীন নাবিক (রেটিং) এর চাকুরির দায়-দায়িত্ব সংশ্লিষ্ট বেসরকারি একাডেমি/ইন্সটিটিউট বহন করবে। সরকারি সমুদ্র পরিবহন অফিস (শিপিং অফিস) এবং বেসরকারি একাডেমি/ইন্সটিটিউট যৌথভাবে নবীন নাবিকদের চাকুরি সংক্রান্ত পরিসংখ্যান সংরক্ষণ করবেন। নবীন নাবিক নিয়োগ ও অপেক্ষমান পরিসংখ্যানের ভিত্তিতে পরবর্তী ব্যাচে নাবিক (রেটিং) ভর্তির সংখ্যা নির্ধারণ করা হবে।

১৪-১১-২০২৩

কমডোর মোহাম্মদ মাকসুদ আলম, (ই), বিএসপি,  
এনইউপি, বিসিজিএম, বিসিজিএমএস, এনডিসি,

পিএসসি, বিএন

মহাপরিচালক

ফোন: ৯৫১৩৩০৫

ফ্যাক্স: ৯৫৮৭৩০১

শিপিং মাস্টার, সরকারি সমুদ্র পরিবহন অফিস, সিজিও  
ভবন, আগ্রাবাদ, চট্টগ্রাম।